ঝিকরগাছা উপজেলা পরিষদ

জেলা-যশোর

স্মারক নং: ৪১.০১.৪১২৩.০০০.১৬.০১৬.১৯ তারিখ-৩০/০৭/২০২৫ খ্রি:

মুক্তিযোদ্ধা বিষয়ক স্থায়ী কমিটির সাধারণ সভার কার্যবিবরণী:-

সভার নাম	মুক্তিযোদ্ধা বিষয়ক স্থায়ী কমিটি
সভাপতি	জনাব রূপালী সরকার, প্রশাসক, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর
সভার তারিখ	৩০/০৭/২০২৫ খ্রি:
সময়	সকাল ১১.০০ ঘটিকা।
সভার স্থান	উপজেলা প্রশাসকের কার্যালয়, ঝিকরগাছা, যশোর।
উপস্থিত সদস্যবৃন্দ	উপস্থিত সদস্যবৃন্দের তালিকা (পরিশিষ্ট-ক) সংযুক্ত

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন অতঃপর বিগত সভার কার্যবিবরণী পর্যালোচনা পূর্বক কোনরূপ সংশোধনী না থাকায় উহা নিশ্চিত করা হয়।

১। আলোচ্য বিষয়-১: আলোচ্যসূচি অনুযায়ী বিগত সাধারণ সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাপূর্বক নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

ক্রঃ	বিগত সভার সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি পর্যায়	পরবর্তী করণীয়
০১	উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন রক্ষণাবেক্ষণ ও পরিচালনা বিষয়ক আহবায়ক কমিটির সদস্য সচিব সভায় জানান যে,০২ জন সদস্যের পদ শূণ্য হওয়ায় নতুন ০২ জন সদস্য অন্তর্ভুক্ত করা প্রয়োজন। এ বিষয়ে মুক্তিযোদ্ধা প্রতিনিধিকে যথাযথ কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে মৃত্যু বরণকারী ০২ জন সদস্যের স্থলে ০২ জন সদস্য অন্তর্ভুক্তির বিষয়ে মন্ত্রণালয়ের নির্দেশনা প্রয়োজন অথবা ০২ জন সদস্য বাদে বিদ্যমান সদস্যদের নিয়ে কমিটি পরিচালিত হবে কিনা সে বিষয়ে মন্ত্রণালয়ের সিদ্ধান্ত প্রয়োজন ।এ জন্য পত্র প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	এ বিষয়ে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় হতে সিদ্ধান্ত পাওয়া গেছে।	মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত মোতাবেক কমিটি গঠন করা হবে।

২। আলোচ্য বিষয় -০২ ঃ অন্যান্য আলোচনাও সিদ্ধান্ত নিম্নরূপ -

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	বীর মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা	ব্যবস্থাপক, সোনালী ব্যাংক (পিএলসি), ঝিকরগাছা শাখা, যশোর জানান যে, তার শাখা হতে ৩৬০ জন বীর মুক্তিযোদ্ধা ও মৃত মুক্তিযোদ্ধার পরিবার ভাতা গ্রহণ করেন।	বীর মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা নির্বিঘ্নে প্রদান করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।	ব্যবস্থাপক, সোনালী ব্যাংক (পিএলসি), ঝিকরগাছা শাখা, যশোর

CamScanner

০২	উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন রক্ষণাবেক্ষণ ও পরিচালনা বিষয়ক	সদস্য সচিব বলেন যে, উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন রক্ষণাবেক্ষণ ও পরিচালনা করার জন্য ফটোকপি মেশিন ০১ টি, এয়ারকুলার -০১ টি, প্রিন্টার - ০১ টি, ৩য় তলা কমপ্লেক্স ভবনের জন্য প্রয়োজনীয় ক্লোজ সার্কিট ক্যামেরা, জানালার পর্দা, ফোল্ডিং টেবিল - ১০ টি, মটর সাইকেলের শেড নির্মাণ -০১ টি ও ০১ জন কম্পিউটার অপারেটর, ০১ জন দারোয়ান ও ১ জন সুইপার নিয়োগ করার বিষয়ে দায়িত্ব প্রাপ্ত কমান্ডার মহোদয় মৌখিকভাবে আবেদন করেছেন।	উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন ভাড়া ও যথাযথ কর্তৃপক্ষের নিকট চাহিদা প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা প্রকৌশলী ও সমাজসেবা অফিসার, ঝিকরগাছা, যশোর।

৩। অতঃপর আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

ভুপালী সরকার
উপজেলা নির্বাহী অফিসার ও
সভাপতি
মুক্তিযোদ্ধা বিষয়ক স্থায়ী কমিটি
ঝিকরগাছা, যশোর।
ফোন-
মোবাইল-০১৩১৮২৫২৯৩৭
ই-মেইল unojhikargacha@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
ঝিকরগাছা, যশোর।
https://dss.jhikargacha.gov.bd

স্মারক নং ৪১.০১.৪১২৩.০০০.০০০.১৮.০০০১.২৫-　　　　তারিখঃ ৩০ / ০৭ /২০২৫ খ্রিঃ

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

১। জেলা প্রশাসক, যশোর।
২। উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা, যশোর।
৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, যশোর।
৪। অফিস কপি

মেজবাহ উদ্দিন
উপজেলা সমাজসেবা অফিসার ও
সদস্য সচিব
মুক্তিযোদ্ধা বিষয়ক স্থায়ী কমিটি
ঝিকরগাছা, যশোর।
ফোন-০২৪৭৭৭৬৯২৫২
মোবাইল-০১৭১৩৯০৬৩১৫
ই-মেইল-usso.jhikargach.jsr@gmail.com

CamScanner